গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.netrokonasadar.netrokona.gov.bd

বিষয় ঃ জুলাই-২০২২ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি ঃ জনাব মাহমুদা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার তারিখ ঃ ২৭.০৭.২০২২
সময় ঃ বেলা- ১০.০০ ঘটিকা

সভার উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরঃ হাজিরা খাতায় সংরক্ষিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার পরিস্থিতির উপর আলোচনার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। অতপরঃ উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার উপর আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, নেত্রকোণা সদর, উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তবুও আইন শৃঙ্খলার সুক্ষ্ম বিষয়াদি বিশ্লেষণের জন্য অফিসার ইনচার্জ নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ জানান। অফিসার ইন-চার্জ জানান যে, জুন/২০২২ মাসে নেত্রকোণা মডেল থানায় মোট ৫৪ টি মামলা দায়ের হয়। এর মধ্যে ৫১ টি মামলার অবিযোগপত্র দেয়া হয়েছে। ০৩ টি মামলা নিষ্পত্তি হয়েছে। জুয়া মাদক চুরি ও সামাজিক ভাবে আইন-শৃঙ্খলার অবনতি হয় এমন বিষয়ে তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করার জন্য সকলেকে অনুরোধ জানান। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বস ম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ২. | চেয়ারম্যান, লক্ষীগঞ্জ ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, গিড়ুরপাড়া বাজারের পাশে একটি বাড়িতে ০৪ টি ঘর আগুনে পুড়ে গেছে। চেয়ারম্যান, কে-গাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, রাজাপুর, আগুনহাটি, নাড়িয়াপাড়া ও বোবাহালা গ্রামে কিশোর গ্যাং মাদক নিয়ে ঝগড়া করে কিরিচ দিয়ে পেটে আঘাত করে এ নিয়ে এলাকায় অস্থিতিশীল অবস্থা বিরাজ করছে। চেয়ারম্যান, মদনপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ইউনিয়নে বিভিন্ন কমিটির মাধ্যমে জনসচেতনতামূলক সভা করে মদনপুর ইউনিয়ন হতে জুয়া, মাদক, চুরি ও বিভিন্ন অঘটন বন্ধ হয়েছে। চেয়ারম্যান, চল্লিশা সভায় জানান যে, সেহড়া বিপ্লপুর, বাউসি চায়ের স্টলে গাজাঁ বিক্রয় করা হয়। চেয়ারম্যান, কাইলাটি ও রৌহা সভায় জানান যে, উঠতি বয়সের ছেলেরা গাজাঁর সাথে জড়িত। এগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। চেয়ারম্যান, সিংহের বাংলা সভায় জানান যে, নারায়ণপুর গ্রামে বুলবুল নামে একজন গাজাঁর ব্যবসায়ী আছে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার পাশাপাশি মাদক ও জোয়া বন্ধের সর্বস ম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা |
| ৩. | সভাপতি, বাংলাদেশ হিন্দু, বৌদ্ধ, খ্রীস্টান ঐক্য পরিষদ ও বাংলাদেশ পূজা উদযাপন কমিটি জন্মাষ্টমী উযাপনের সকলের সহযোগিতা কামনা করেন। আইন শৃংখলা পরিস্থিতি ভালো মর্মে জানান। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা |
| ৪. | মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব তুহিন আক্তার জানান যে, আইন শৃংখলার পরিস্থিতি ভালো। পুলিশি টহল অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) নেত্রকোণা সদর |

ভারপ্রাপ্ত চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা সদর উপজেলায় গরু চুরি, মাদক, জুয়া বন্ধের ব্যাপারে পুলিশের পাশাপাশি ইউপি চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন।

সভাপতি প্রত্যেক ইউনিয়নে মাদক, জুয়া, ইভটিজিং বন্ধের জন্য ইউনিয়ন ব্যাপী সর্বস্তরের জনগণের উপস্থিতিতে গণজাগরণমূলক সভার আয়োজন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। খাল ও নদীতে বাঁধ অপসারণের জন্য স্থানীয় ইউপি চেয়ারম্যান ও সদস্যসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। তিনি নারী নির্যাতন প্রতিরোধ এবং গ্রাম আদালতের মাধ্যমে ইউনিয়নের বিভিন্ন সমস্যা সমাধান করার পরামর্শ প্রদান ও গ্রাম আদালতের মামলা দ্রুত নিষ্পত্তি করারসহ সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

তিনি আরও জানা বাল্য বিবাহের উপর কঠোর নজরদারি রয়েছে। বাল্যবিাহ নিরোধকল্পে সম্মিলিতভাবে সকলকে কাজ করার জন্য অনুরোধ জানান। গরু চুরি মাদক, জুয়া ও ইভটিজিং বন্ধসহ টহল পুলিশ বৃদ্ধি করার জন্য অফিসার ইন-চার্জ নেত্রকোণাকে অনুরোধ জানান। আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭.০৭.২২

(মাহমুদা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি

স্মারক নম্বর- ০৫.৪৫.৭২৭৪.০০১.০১৮.১৯- ৮০৬

তারিখঃ২৭ জুলাই, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী,সমাজ কল্যাণ মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা উপজেলা আইন শৃংখলা কমিটি (বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।

অনুলিপি কার্যার্থে:

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৩. সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক..........................................কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৫. উপজেলা ...........................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা।
৭. চেয়ারম্যান ................................................., ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা

২৭-০৭

উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CamScanner